

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
হেড অফিস, ঢাকা।

বিষয়: ২০১৮-১৯ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য।

১. উদ্ভাবনী শিরোনামঃ	ধারণার	Online Loan Application System.
২. পরিচিতিঃ		উক্ত সিস্টেম এর মাধ্যমে গ্রাহকগণ সশরীরে ব্যাংকের ব্রাঞ্চে না এসেও অন - লাইনে খুব সহজেই ব্যাংক ঋণের (কৃষি, এসএমই, পাসোনা, গৃহ নির্মাণ ইত্যাদি) আবেদন করতে পারবেন এবং ঋণ আবেদনের সবশেষ অবস্থা/অবস্থানের তথ্যও জানতে পারবেন।
৩. উদ্দেশ্যঃ		ঋণ আবেদন প্রক্রিয়া সহজীকরণ।
৪. কর্মপদ্ধতিঃ		গ্রাহকগণ ব্যাংকের ওয়েবসাইটে গিয়ে কান্ডিত ঋণের আবেদন ফরম ওপেন করে প্রয়োজনীয় তথ্য ইনপুট দিয়ে সেভ করবেন। অতঃপর ব্যাংক কর্তৃক উক্ত আবেদন যাচাই বাছাই করে সঠিক পেলে সংশ্লিষ্ট আবেদনকারীকে প্রয়োজনীয় ডকুমেন্টসহ ব্যাংকের ব্রাঞ্চে গমনের জন্য এসএমএস প্রেরণ করা হবে। উপস্থাপিত ডকুমেন্টসমূহ যথাযথ ও সঠিক হলে নির্দিষ্ট সময়ে গ্রাহককে মঞ্জুরী প্রদানপূর্বক অর্থ বিতরণ করা হবে। অন্যদিকে, উক্ত আবেদন যাচাই বাছাই করে তথ্যের ঘাটতি/ভুল থাকলে এসএমএস এর মাধ্যমে গ্রাহককে জানিয়ে দেয়া হবে।
৫. উপকারিতা/সুফলঃ		গ্রাহকগণ সশরীরে ব্যাংকের ব্রাঞ্চে না এসেও অন - লাইনে খুব সহজেই ব্যাংক ঋণের (কৃষি, এসএমই, পাসোনা, গৃহ নির্মাণ ইত্যাদি) আবেদন করতে পারবেন। এছাড়াও, ঋণ আবেদনের সবশেষ অবস্থা/অবস্থানের তথ্যও জানতে পারবেন। ফলশ্রুতিতে, ব্যাংকে ঋণ আবেদন করার জন্য গ্রাহকগণের সশরীরে আসার পরিমাণ হ্রাস পাওয়ায় TCV হ্রাস পাবে।
৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ		উক্ত Application-টি ব্যাংকের নিজস্ব প্রোগ্রামারগণ তৈরী করবেন এবং ব্যাংকের বিদ্যমান হাউওয়ার ব্যবহার করা হবে বিধায় এর কোন বাস্তবায়ন ব্যয় নেই। তবে পরিচালন ব্যয় বাৎসরিক ২ (দুই) লক্ষ টাকা হতে পারে।
৭. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)		০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০১৯
৮. প্রত্যাশিত ফলাফল (TCV)		

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	১০ - ১২ দিন	৫০০/-	৩ - ৪ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	৪ - ৫ দিন	১০০/-	১- ২ বার
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহিতার প্রত্যাশিত বেনিফিট (TCV ত্রাস)	৬ - ৮ দিন	৪০০/-	২ - ৩ বার
৯. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)	অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কাস্টমাইজ করে ব্যবহার করতে পারবে।		
১০. সম্ভাব্য ঝুঁকি:	এটি সম্পূর্ণ secured একটি system. এতে কোন ধরনের ঝুঁকি নেই।		

ধারণা প্রদাকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী:

১. মিসেস সাবরিনা চৌধুরী দূতী, প্রিন্সিপাল অফিসার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
২. জনাব মোঃ হাবিব উল্যা মিলন, প্রিন্সিপাল অফিসার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।

চলমান/পৃষ্ঠা - ২

১. উদ্ভাবনী শিরোনামঃ	ধারণার	Online IT Asset Management System.
২. পরিচিতিঃ		উক্ত সিস্টেম এর মাধ্যমে ব্যাংকের IT Asset (যেমন-সিপিইউ, মনিটর, ইউপিএস, প্রিন্টার, মাউস, কিবোর্ড, ল্যাপটপ, স্ক্যানার, সার্ভার ইত্যাদি) এর বিস্তারিত ডাটাবেইস মেইন্টেইন করা যাবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে ব্যাংকের যেকোন অফিস কর্তৃক online -এ প্রেরিত IT সামগ্রী সংক্রান্ত Request সমূহ Manage করা যাবে এবং আপডেট/ফিডব্যাকও সংশ্লিষ্ট অফিস জানতে পারবে।
৩. উদ্দেশ্যঃ		ব্যাংকের IT Asset Management প্রক্রিয়া সহজীকরণ।
৪. কর্মপদ্ধতিঃ		উক্ত সিস্টেমটি বাস্তবায়নের জন্য একটি সফটওয়্যার ডেভেলপ করা হবে। উক্ত সফটওয়্যারে ব্যাংকের সকল প্রকার IT Asset (যেমন-সিপিইউ, মনিটর, ইউপিএস, প্রিন্টার, মাউস, কিবোর্ড, ল্যাপটপ, স্ক্যানার, সার্ভার ইত্যাদি) এর বিস্তারিত ডাটাবেইস এর তথ্য ইনপুট দেয়ার ব্যবস্থা থাকবে। এছাড়াও, উক্ত সফটওয়্যারে ব্যাংকের যেকোন অফিস কর্তৃক online -এ IT সামগ্রী সংক্রান্ত Request প্রেরণের ব্যবস্থা থাকবে। উক্ত সিস্টেমে log In করে ব্যাংকের অফিসসমূহ online -এ সকল প্রকার IT Asset এর হালনাগাদ তথ্য জানতে পারবে এবং এতদসংক্রান্ত Request প্রেরণ এবং আপডেট/ফিডব্যাক সম্পর্কেও জানতে পারবে।
৫. উপকারিতা/সুফলঃ		ব্যাংকের IT Asset (যেমন-সিপিইউ, মনিটর, ইউপিএস, প্রিন্টার, মাউস, কিবোর্ড, ল্যাপটপ, স্ক্যানার, সার্ভার ইত্যাদি) এর বিস্তারিত ডাটাবেইস মেইন্টেইন করা সহজতর হবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে ব্যাংকের যেকোন অফিস কর্তৃক online -এ প্রেরিত IT সামগ্রী সংক্রান্ত Request সমূহ Manage করা যাবে এবং আপডেট/ফিডব্যাকও সংশ্লিষ্ট অফিস জানতে পারবে। ব্যাংক এর কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ব্যাংকের IT Asset সম্পর্কিত আপডেট তথ্য জানা ও IT Hardware সামগ্রীর রিকুইজেশন দেয়ার সময়, খরচ ও যাতায়াত হ্রাস পাবে। ফলশ্রুতিতে, ব্যাংক এর কর্মকর্তা/কর্মচারী কর্তৃক গ্রাহক সেবা প্রদান দ্রুততর ও ব্যয় স্রাশ্রয়ী হবে।
৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ		উক্ত Application-টি ব্যাংকের নিজস্ব প্রোগ্রামারগণ তৈরী করবেন এবং ব্যাংকের বিদ্যমান হাডওয়্যার ব্যবহার করা হবে বিধায় এর কোন বাস্তবায়ন ব্যয় নেই। তবে পরিচালন ব্যয় বাৎসরিক ২ (দুই) লক্ষ টাকা হতে পারে।

৭. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)	০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০১৯		
৮. প্রত্যাশিত ফলাফল (TCV)			
	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৪ - ৫ দিন	৫০০/-	২ - ৩ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	১ - ২ দিন	৪০০/-	১ বার
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহিতার প্রত্যাশিত বেনিফিট (TCV হ্রাস)	২ - ৩ দিন	১০০/-	১ - ২ বার
৯. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)	অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কাস্টমাইজ করে ব্যবহার করতে পারবে।		
১০. সম্ভাব্য ঝুঁকিঃ	এটি সম্পূর্ণ secured একটি system. এতে কোন ধরনের ঝুঁকি নেই।		

ধারণা প্রদাকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী:

১. জনাব মোঃ নুরুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার, ইনভেস্টমেন্ট ব্যাংকিং ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
২. জনাব মোঃ হাবিব উল্যা মিলন, প্রিন্সিপাল অফিসার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।